দৈনিক ইনকিলাব

তারিখ 01 APR 1988
পৃষ্ঠা 5 কলাম 3



# শিক্ষাঙ্গন

## চট্টগ্রাম সরকারী সিটি কলেজের সমস্যা

বন্দরনগরী চট্টগ্রামের প্রধান কেন্দ্রস্থলে অবস্থিত সরকারী সিটি কলেজটি প্রায় ৩ যুগ ধরে শিক্ষা বিস্তারের ক্ষেত্রে অবদান রেখে চলেছে। স্বাধীনতার পূর্ব হতেই এই মহাবিদ্যালয়ে নৈশ বিভাগ চালু আছে। প্রতি শিক্ষাবর্ষে প্রায় ২ হাজার ছাত্র-ছাত্রী অধ্যয়ন করে। এই কলেজের ফলাফল প্রতি বছরই খুব সন্তোষজনক। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয় যে, ১৯৮০ সালে সরকারীকরণের পর এই কলেজের উন্নয়ন মোটেও পরিলক্ষিত হয়নি। বরং দিন দিন এই কলেজ সমস্যার আবর্তে নিমজ্জিত হচ্ছে। প্রধানতঃ অধ্যয়নের ক্ষেত্রে সব বিভাগেই পর্যাপ্ত শিক্ষকের অভাবে শ্রেণীর পাঠ বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। এমনকি কোন বিভাগে ৫ জনের স্থলে মাত্র ১ জন শিক্ষককে ক্লাস চালিয়ে নিতে হচ্ছে। হয়তো কোন কোন দিন শিক্ষকের অভাবে পাঠ কার্য বাতিল করতে হয়। যার ফলে ছাত্র-ছাত্রীদের পড়াশুনার দারুণ ব্যাঘাত ঘটে। ইতিপূর্বে এই কলেজে প্রাথমিকভাবে ৫টি বিষয়ে অনার্স কোর্স চালুর কথা থাকলেও কর্তৃপক্ষের অবহেলার দরুন সেটি চালু হয়নি।

তাছাড়া, নৈশ বিভাগ বিদ্যুতের গোলযোগের দরুন অনেক সময় শ্রেণী পাঠ কার্য সুষ্ঠুভাবে পরিচালিত হয় না। সরকারীভাবে জেনরেটর দেয়ার কথা থাকলেও আজো জেনারেটর দেয়া হয়নি। কলেজের নির্মাণাধীন অডিটোরিয়াম দীর্ঘ ৮ বছর পরও শেষ হয়নি। শৌচাগারগুলো সংস্কারবিহীনভাবে পড়ে আছে। কলেজের কমন রুমগুলোতে পর্যাপ্ত খেলার সামগ্রী নেই। বিজ্ঞানাগারে সরঞ্জামের অভাব, লাইব্রেরীতে বই নেই, এ ধরনের হাজারো সমস্যা আজ চট্টগ্রাম সিটি কলেজের। উল্লেখিত সমস্যাবলী সমাধান করে এই কলেজকে একটি প্রথম শ্রেণী কলেজের মর্যাদায় প্রতিষ্ঠিত করা হোক—সংশ্লিষ্টষট মহল এ আশাই করেন।

—আহমদ হোসেন (লিটন)